

2 0 1 5

BENGALI

(Major)

Paper : 3.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) কৃত্তিবাসী 'রামায়ণ' সর্বপ্রথম কার উদ্যোগে মুদ্রিত হয়েছিল ?
- (খ) কাশীরাম দাস কার উপদেশে 'মহাভারত' অনুবাদ করেন ?
- (গ) শ্রীহট্টের উপভাষায় 'সুকনামি' কার ভণিতা ?
- (ঘ) মুকুন্দ চক্রবর্তীর নিবাস কোথায় ছিল ?
- (ঙ) বৃন্দাবন দাসের মাতার নাম কী ?
- (চ) 'সতী ময়না'র রচয়িতা কে ?
- (ছ) হালিশহর কোন্ কবির জন্মস্থান ?
- (জ) 'উজ্জ্বলনীলমণি' গ্রন্থের রচয়িতা কে ?
- (ঝ) বিজয় গুপ্তের জন্মস্থানের প্রাচীন নাম কী ?
- (ঞ) 'আগমনী' ও 'বিজয়া' পদগুলি কোন্ পদ-সাহিত্যের অন্তর্ভুক্ত ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) মধ্যযুগের কোন্ দুটি কাব্যকে বাংলার ‘জাতীয় কাব্য’ বলে আখ্যায়িত করা যায়?
- (খ) মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের প্রভাবে ‘বৈষ্ণব পদাবলি’তে যে নতুন পদধারার সৃষ্টি হয়েছিল, তার নাম কী? এই ধারার যে কোনো একজন পদকারের নাম লেখো।
- (গ) ‘মনসামঙ্গল’ কাব্যধারার দুজন কবির নাম লেখো।
- (ঘ) ‘শাক্ত পদাবলি’র দুজন কবির নাম লেখো।
- (ঙ) রোসাও রাজসভার দুজন কবির নাম লেখো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) ‘চর্যাপদ’ গ্রন্থে তোমার পঠিত যে কোনো দুজন পদকর্তা ও তাঁদের রচনা অবলম্বনে একটি সংক্ষিপ্ত টীকা প্রস্তুত করো।
- (খ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ গ্রন্থের আবিষ্কার, প্রকাশ ও নামকরণ সম্পর্কে একটি সংক্ষিপ্ত টীকা লেখো।
- (গ) রূপরাম চক্রবর্তী কোন্ ধারার কবি? তাঁর কাব্য ও কবি-প্রতিভা সম্পর্কে একটি সংক্ষিপ্ত টীকা লেখো।
- (ঘ) টীকা লেখো : জয়দেব।
- (ঙ) টীকা লেখো : পদকল্পতরু।
- (চ) বাংলা সাহিত্যের ইতিহাসে হোসেন শাহের নাম উল্লেখের তাৎপর্য কোথায়—সে বিষয়ে একটি সংক্ষিপ্ত টীকা লেখো।

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

- (ক) কবি নারায়ণ দেব এবং তাঁর কবিকৃতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।
- (খ) ‘মনসামঙ্গল’ কাব্যের কাহিনি সংক্ষেপে বিবৃত করে এই ধারার কয়েকটি বিশেষ রচনার নাম উল্লেখ করো।
- (গ) দ্বিজ মাধব কোন্ ধারার কবি? তাঁর কাব্য ও কবিকৃতি সম্পর্কে আলোচনা করো।
- (ঘ) “বাঙালির প্রাণের সঙ্গে কৃতিবাসের কাব্যের অচ্ছেদ্য বন্ধন স্থাপিত হয়েছে।” কৃতিবাসের কাব্য ও কবি-প্রতিভা আলোচনা প্রসঙ্গে উক্তিটির সত্যতা প্রতিপন্ন করো।
- (ঙ) সাধক কমলাকান্ত এবং তাঁর কবি-কৃতিত্বের পরিচয় দাও।
- (চ) কবি দৌলত কাজীর কাব্য ও কবি-কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।
- (ছ) “মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের প্রভাবে ষোড়শ শতাব্দীতে বৈষ্ণব সাহিত্য নানা দিক দিয়ে ঐশ্বর্যশালী হয়ে উঠেছিল।” আলোচনা করো।
- (জ) জীবনী কাব্য রচয়িতা হিসেবে কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর সার্থকতা সম্পর্কে আলোচনা করো।
